

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৩৭১

১৫/ বিধি-বিধান ও বিচার (كتاب الأحكام عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সন্তানদের মাঝে দান ও সমতা রক্ষা।

باب مَا جَاءَ فِي النُّحْلِ وَالتَّسْوِيَةِ بَيْنَ الْوَلَدِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، وَسَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ الْمَعْنَى الْوَاحِدُ، قَالَا حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، وَعَنْ مُحَمَّدِ بْنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، يُحَدِّثَانِ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، أَنَّ أَبَاهُ، نَحَلَ ابْنًا لَهُ غُلَامًا فَأَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُشْهِدُهُ فَقَالَ " أَكُلْ وَلَدِكَ نَحَلْتَهُ مِثْلَ مَا نَحَلْتُ هَذَا " . قَالَ لَا . قَالَ " فَارْزُدْهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهِ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ يَسْتَحِبُّونَ التَّسْوِيَةَ بَيْنَ الْوَلَدِ حَتَّى قَالَ بَعْضُهُمْ يُسَوِّي بَيْنَ وَلَدِهِ حَتَّى فِي الْقُبْلَةِ . وَقَالَ بَعْضُهُمْ يُسَوِّي بَيْنَ وَلَدِهِ فِي النُّحْلِ وَالْعَطِيَّةِ الذَّكَرُ وَالْأُنْثَى سَوَاءٌ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ . وَقَالَ بَعْضُهُمُ التَّسْوِيَةُ بَيْنَ الْوَلَدِ أَنْ يُعْطَى الذَّكَرُ مِثْلَ حَظِّ الْأُنْثَيَيْنِ مِثْلَ قِسْمَةِ الْمِيرَاثِ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১৩৭১. নাসর ইবনু আলী ও সাঈদ ইবনু আবদুর রহমান মাখযুমী (রহঃ) নু'মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তাঁর পিতা তার এক পুত্রকে একটি গোলাম দান করেন। এরপর তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে এর সাক্ষী বানাবার জন্য তাঁর কাছে আসেন। তখন তিনি বললেন, একে যা দান করেছ তোমার প্রত্যেক সন্তানকেই তা দান করেছ? পিতা বললেন, না। তিনি বললেন, তা হলে, এটি ফিরিয়ে নাও। - ইবনু মাজাহ ২৩৭৫, ২৩৭৬, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৬৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা (রহঃ) বলেন, হাদীসটি হাসান-সহীহ। এটি একাধিক সূত্রে নু'মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে। কতক আলিম এতদনুসারে আমল করেছেন। তারা সন্তানদের মাঝে সমতা রক্ষা করা মুস্তহাব বলে অভিমত দিয়েছেন। এমনকি কেউ কেউ বলেছেন, চুমু খাওয়ার ক্ষেত্রে পর্যন্ত সন্তানদের মাঝে সমতা রক্ষা করতে হবে। কতক আলিম বলেন, দান ও উপহারের ক্ষেত্রে সন্তানদের মাঝে সাম্য রক্ষা করতে হবে। এই বিষয়ে

ছেলে ও মেয়ে এক সমান। এ হল সুফইয়্যুন ছাওরীর অভিমত। কতক আলিম বলেন, সন্তানদের মাঝে সমতার অর্থ হল মীরাছের মত এক ছেলেকে দুই মেয়ের সমান দিবে। এ হল ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

English

Narrated An-Nu'man bin Bashir:

That his father gave a slave to a son of his. So he went to the Prophet (ﷺ) to have him witness it. He (ﷺ) said: 'Have you given a gift similar to this one to all of your sons?' He replied: 'No'. So he said: 'Then take him back.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21789>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন